অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/15/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো দ্বিতীয় বাৎসরিক কৃষ্ণাঙ্গ মায়েদের মাতৃত্বকালীন স্বাস্থ্য সপ্তাহের (BLACK MATERNAL HEALTH WEEK) স্বীকৃত দিয়েছেন

প্রণীত বাজেট মাতৃত্বকালীন মৃত্যু এবং জাতিগত বৈষম্যের বিরুদ্ধে লড়াই করতে 4 মিলিয়ন ডলার বিনিয়োগ করেছে

এপ্রিল 11-17, 2019 কৃষ্ণাঙ্গ মায়েদের মাতৃত্বকালীন স্বাস্থ্য সপ্তাহ ঘোষণা করে ইস্তাহার প্রকাশ করা হয়েছে

এপ্রিল 11-17, 2019, কৃষ্ণাঙ্গ মায়েদের মাতৃত্বকালীন স্বাস্থ্য সপ্তাহের স্বীকৃতিতে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন, যে মাতৃত্বকালীন মৃত্যুর হার এবং জাতিগত বৈষম্যের ঘটনাগুলির জন্য গঠিত নিউ ইয়র্ক স্টেট টাস্কফোর্সের (New York State Taskforce on Maternal Mortality and Disparate Racial Outcomes) গত বছরের প্রস্তাবিত উদ্যোগগুলিকে সহায়তা করতে প্রণীত 2019-20 বাজেট একটি 4 মিলিয়ন ডলারের বিনিয়োগকে অন্তর্ভুক্ত করেছে। কৃষ্ণাঙ্গ মায়েদের মাতৃত্বকালীন স্বাস্থ্য সপ্তাহ, কৃষ্ণাঙ্গ মাতৃত্বকালীন স্বাস্থ্য, অধিকার এবং ন্যায্য বিচারের ওকালতি করার জন্য ব্ল্যাক মামাস ম্যাটার অ্যালায়েন্স (Black Mamas Matter Alliance) নামক কৃষ্ণাঙ্গ নারিদের দ্বারা পরিচালিত একটি ক্রশ সেক্টরাল অ্যালায়েন্সের সৃষ্ট একটি উদ্যোগ। কৃষ্ণাঙ্গ মায়েদের মাতৃত্বকালীন স্বাস্থ্য সপ্তাহ, কৃষ্ণাঙ্গ মায়েদের মাতৃত্বকালীন স্বাস্থ্য নীতি, গবেষণা এবং প্রজনন ও জন্মের ন্যায্যতার আন্দোলনের উপর সমগ্র দেশবাসীর আলাপচারিতায় অংশগ্রহণ করার একটি সুযোগ।

"কৃষ্ণাঙ্গ মায়েদের মাতৃত্বকালীন স্বাস্থ্য সপ্তাহ, মাতৃত্বকালীন মৃত্যুর হার এবং নিউ ইয়র্কের পরিবারগুলিকে হুমকি প্রদর্শনকারী জাতিগত বৈষম্যের ঘটনাগুলির মূল কারণ খুঁজে বের করতে নিউ ইয়র্কের আন্তরিক উদ্যোগগুলিকে তুলে ধরার একটি সুযোগ", **গভর্নর কুওমো বলেন।** "এই সামাজিক অবিচারের সমাধান করতে এবং প্রকৃত ও দীর্ঘস্থায়ী পরিবর্তন প্রদানকারী সফল বিষয়গুলিকে বাস্তবায়িত করতে, একটি স্টেট এবং একটি কমিউনিটি হিসাবে, সমগ্র দেশের মধ্যে নিউ ইয়র্ক একজন পথ প্রদর্শক।"

"এই বছর আরও একবার আমরা কৃষ্ণাঙ্গ নারিদের স্বাস্থ্যের উপর ফোকাস করছি এবং আমাদের সমাজে বিদ্যমান জাতিগত বৈষম্যকে স্বীকার করে নিচ্ছি", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "যদিও নিউ ইয়র্ক মাতৃত্বকালীন মৃত্যুর হার হ্রাস করতে সকল নারীর জন্য সাশ্রয়ী এবং উন্নতমানের স্বাস্থ্যসেবা পাওয়া নিশ্চিত করার ক্ষেত্রে অগ্রগতি করেছে, তবুও জাতিগত বৈষম্য এখনও

বহুল পরিমাণে রয়েছে যার জন্য সৃজনশীল সমাধান এবং সাহসী পদক্ষেপের প্রয়োজন। আমরা এই গুরুতর অবিচারের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাবো, মাতৃত্বকালীন পরিচর্যায় প্রবেশাধিকার সম্প্রসারিত করব, এবং জীবন রক্ষা করবো।"

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "একটি গর্ভাবস্থা সংক্রান্ত জটিলতার জন্য শ্বেতাঙ্গ নারিদের তুলনায় আফ্রিকান আমেরিকান নারিদের মৃত্যুর সম্ভাবনা তিনগুণ বেশি। আর সেই সমস্যার উপর আলোকপাত করে এবং সাধারণ মানুষকে শিক্ষিত করে তুলতে সহায়তা করে বলেই কৃষ্ণাঙ্গ মায়েদের মাতৃত্বকালীন স্বাস্থ্য সপ্তাহের মতো ইভেন্টগুলি এত গুরুত্বপূর্ণ। মাতৃত্বকালীন মৃত্যুর হার হ্রাস এবং জাতিগত বৈষম্যের বিরুদ্ধে লড়াই করতে অতিরিক্ত স্টেট সহায়তা প্রদান করার জন্য সেনেট সংখ্যাগরিষ্ঠ সদস্যবৃন্দ, গভর্নর কুওমো এবং আমাদের বিধানসভার সহকর্মীদের সাথে কাজ করতে পেরে গর্বিত।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন, "বিধানসভার সংখ্যাগরিষ্ঠ সদস্যবৃন্দ, নিউ ইয়র্কের গর্ভবতী নারিদের মধ্যে, বিশেষ করে কৃষ্ণাঙ্গ নারিদের ক্ষেত্রে, স্বাস্থ্য বিষয়ক বৈষম্যের গুরুত্ব স্বীকার করে, এবং সেগুলি সমাধান করার জন্য আমরা গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছি। এই বছরের প্রথম দিকে, আমরা একটি মাতৃত্বকালীন মৃত্যুর পর্যালোচনা বোর্ড গঠন করার আইন পাস করেছিলাম কারণ আমরা জানি মাতৃত্বকালীন মৃত্যুর কারণগুলি শনাক্ত করা সেগুলি সমাধানের ভিত্তি। এই বিনিয়োগ সমস্ত গর্ভবতী নারি এবং নতুন মা দের ন্যায্য পরিচর্যা প্রদান করতে একটি ব্যপক দৃষ্টিভঙ্গী গঠনে প্রভূত সহায়তা করবে।"

মাতৃত্বকালীন মৃত্যুর বিরুদ্ধে লড়াই করতে এবং জাতিগত বৈষম্যের ঘটনা হ্রাস করতে, গত এপ্রিল মাসে, গভর্নর, টাস্কফোর্স গঠন, এবং অন্যান্য বিভিন্ন উদ্যোগের কথা ঘোষণা করেছিলেন। আইনসভা টাস্কফোর্সের প্রস্তাবগুলিকে সহায়তা করতে বিনিয়োগে সম্মত হয়েছে, যার মধ্যে আছে:

কমিউনিটি স্বাস্থ্য কর্মীদের অ্যাক্সেস সম্প্রসারণ: 2018 সালে, নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তর (New York State Department of Health, NYSDOH) কমিশনার হাওয়ার্ড জুকেরের নেতৃত্বে মাতৃত্বকালীন মৃত্যুর হারের উপর স্টেট জুড়ে সাতটি লিসেনিং সেশনের আয়োজন করেছিলেন। কমিউনিটিগুলির একটি সাধারণ অনুরোধ ছিল কমিউনিটি স্বাস্থ্য কর্মীদের (community health workers, CHW) অ্যাক্সেস বৃদ্ধি করা। CHWগণ সামাজিক সমর্থন, তথ্য, দেখাশুনা এবং পরিষেবাগুলির সাথে সংযোগের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ন ভূমিকা পালন করে। এই প্রয়োজনীয়তা পূরণ করতে, স্বাস্থ্য দপ্তরের মা এবং নবজাতক সম্প্রদায়ের স্বাস্থ্য বিষয়ক সহযোগিতাগুলির (Maternal Infant Community Health Collaborative, MICHCs) মাধ্যমে CHW গণের অ্যাক্সেস বৃদ্ধি করতে এই বছরের বাজেটে 2.6 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত করা হয়েছে। CHW এর বর্তমান কর্মপরিধির সাথে, অতিরিক্ত সুদূরপ্রসারী সুযোগ এবং কমিউনিটির অংশগ্রহণ সহ, মাতৃত্বকালীন দৃষ্টান্তগুলিতে প্রভাব বিস্তারকারী মুখ্য প্রতিবন্ধকতাগুলি দূর করতে অংশগ্রহণকারীগণ কার্যকলাপ সম্প্রসারিত করার জন্য সুযোগগুলি শনাক্ত করেছেন।

হসপিটালগুলির জন্য অন্যায্য জাতিগত পক্ষপাতের উপর একটি ব্যপক প্রশিক্ষণ ও শিক্ষাদান কর্মসূচি: অন্তর্নিহিত এবং স্পষ্ট উভয় প্রকারের জাতিগত পক্ষপাত দূর করা ছাড়া নারিদের স্বাস্থ্য

বিষয়ে জাতিগত বৈষম্যের সমাধান করা যাবে না। অন্তর্নিহিত জাতিগত বৈষম্য, রোগী-চিকিৎসকের মধ্যে সম্পর্ক সেই সাথে চিকিৎসার সিদ্ধান্ত এবং ফলাফলগুলিতে যেগুলির প্রভাব দেখতে পাওয়া যায়, সেগুলি জাতিগত ভাবে ভিন্ন রোগীদের পরিচর্যায় প্রভাব ফেলতে পারে। অন্তর্নিহিত পক্ষপাত ও জাতিবিদ্বেষ কিভাবে রোগীর পরিচর্যায় প্রভাব ফেলতে পারে সেই সম্পর্কে জ্ঞান ও বোধশক্তি বৃদ্ধির জন্য স্বাস্থ্য সেবা প্রদানকারী এবং হসপিটালগুলির জন্য একটি ব্যাপক পাঠ্যক্রম সমন্বিত একটি ব্যাপক প্রশিক্ষণ কর্মসূচি তৈরি করতে এই বছরের বাজেট অর্থায়নকে অন্তর্ভুক্ত করেছে।

মান উন্নয়নের জন্য প্রসবকালীন ফলাফলগুলির উপর একটি ব্যপক তথ্যভাণ্ডার গঠন সময়মতো উন্নত মানের ব্যবস্থাগুলিতে অ্যাক্সেস করতে সহায়তা করার জন্য প্রসব সংক্রান্ত হসপিটালগুলিকে মূখ্য তথ্য প্রদান করতে নিউ ইয়র্ক স্টেট একটি ব্যাপক তথ্য পরিকাঠামো গঠন করবে। এই তথ্য ভান্ডার ক্যালিফোর্নিয়া ম্যাটারনাল কোয়ালিটি কোলাবরেটিভ (California Maternal Quality Care Collaborative), যা মাতৃত্বকালীন সেইসাথে বৈষম্যের ঘটনাগুলি সমাধান করার ক্ষেত্রে উন্নতি করতে গুরুত্বপূর্ণ হিসাবে প্রমাণিত হয়েছে, তার অনুকরণে গঠন করা হবে।

নিউ ইয়র্ক স্টেটে প্রসবোত্তর পরিচর্যা সর্বোত্তম করতে স্টেট জুড়ে বিশেষজ্ঞ কর্মীদলের সূচনা বর্তমান স্বাস্থ্যসেবা ব্যবস্থার, উন্নতমানের, নিরবিচ্ছিন্ন প্রসবোত্তর পরিচর্যা প্রদানে সহায়তা করার মতো পরিকাঠামো নেই। প্রসবোত্তর কালে নারিরা যাতে নিরবিচ্ছিন্ন সহায়তা পায় তা নিশ্চিত করতে, নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তর (NYSDOH), আমেরিকান কলেজ অফ অবস্টেট্রিসিয়ান্স অ্যান্ড গায়নোকোলোজিস্ট (College of Obstetricians and Gynecologists, ACOG) এবং আমেরিকান অ্যাকাডেমি অফ পেডিয়াট্রিক্স (American Academy of Pediatrics, AAP) এর সাথে অংশীদারীত্বে একটি বিশেষজ্ঞ ওয়ার্কগ্রুপ গঠন করবে। পরিষেবা প্রদানকারী, প্রদায়ক, স্টেট এজেন্সি এবং রোগীদের নিয়ে গঠিত ওয়ার্কগ্রুপটি, ব্যক্তিগতকৃত, রোগী-কেন্দ্রিক পরিচর্যা প্রদানের পরিবর্তে এবং মাতৃত্বকালীন স্বাস্থ্যের ঘটনাগুলি উন্নত করার জন্য একটি একক প্রক্রিয়ার পরিবর্তে একটি নিরবিচ্ছিন্ন প্রক্রিয়া হিসাবে প্রসবোত্তর পরিচর্যাকে পুনরায় খতিয়ে দেখতে কৌশলগুলি শনাক্ত করার লক্ষ্য রাখবে।

উপরন্তু, মাতৃত্বকালীন এবং পিতৃত্বকালীন উভয়ের কর্মপরিধি সম্প্রসারণ ও উন্নত করতে, নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তর সেন্টারিং প্রেগনেন্সি (Centering Pregnancy) পাইলট এর সূচনা করছেন, একটি কর্মসূচি যা প্রায় একই সময়ে প্রসব করবেন এমন গর্ভবতী নারিদের একটি ছোটো গোষ্ঠিকে একত্রিত করে। প্রত্যেক ভিজিটে, একজন চিকিৎসক প্রত্যেক নারিকে আলাদা ভাবে পরীক্ষা করবেন, পারস্পরিক গ্রুপ সেশনে উপযুক্ত সময় দেবেন যা সম্ভাব্য মায়েদের সমস্যাগুলি আলোচনা করতে, অভিজ্ঞতা ভাগ করে নিতে এবং প্রশ্ন জিজ্ঞাসা করার সুযোগ করে দেবে। এই উদ্যোগটি, 2017 সালে প্রথম ঘোষিত, প্রথম 1,000 দিবস মেডিকেড পুনর্গঠন উদ্যোগের (First 1,000 Days Medicaid Redesign Initiative) মধ্যে সংযুক্ত করা হয়েছে।

এই উদ্যোগগুলি, অন্যান্য চলতে থাকা স্টেট প্রচেষ্টাগুলির সাথে একত্রে, নিউ ইয়র্ককে মাতৃত্বকালীন মৃত্যুর হার হ্রাস করতে এবং পরিণতিগুলিতে জাতিগত বৈষম্যের সমস্যার সমাধান করতে একজন পথ প্রদর্শক করে তুলবে।

স্বাস্থ্য কমিশনার ডঃ হাওয়ার্ড জুকের বলেছেন, "দেশ জুড়ে মাতৃত্বকালীন মৃত্যুর হার বেড়ে চলেছে, এবং গর্ভাবস্থা বা গর্ভাবস্থা সম্পর্কিত অসুস্থতার কারণে শ্বেতাঙ্গ নারিদের তুলনায় কৃষ্ণাঙ্গ নারিদের মৃত্যুর সম্ভাবনা তিন গুণ বেশি। নিউ ইয়র্ক স্টেট একটি ব্যাপক কৌশলের জন্য নিবেদিত যা মাতৃত্বকালীন মৃত্যুর হারের মূল কারণ হিসাবে জাতিগত বৈষম্য এবং পক্ষপাত দূর করতে মুখ্য কমিউনিটিগুলির স্টেক হোল্ডারদের সক্রিয়ভাবে বিজড়িত করে।"

সেনেট স্বাস্থ্য কমিটির (Senate Health Committee) সভাপতি সেনেটর গুস্তাভো রিভেরা বলেছেন, "এটি একটি ভয়াবহ বাস্তব যে বর্তমানে, নিউ ইয়র্ক স্টেটে, কৃষ্ণাঙ্গ মায়েরা শিশুর জন্ম দেওয়ার সময় একটি অস্বাভাবিক উদ্বেগজনক হারে মারা যাচ্ছেন এবং জীবনহানির সম্ভাবনা যুক্ত অসুস্থতার শিকার হচ্ছেন। কৃষ্ণাঙ্গ মায়ের মাতৃত্বকালীন স্বাস্থ্য সপ্তাহ পালনে, আমরা কৃষ্ণাঙ্গ নারিদের মধ্যে মৃত্যুর হার বৃদ্ধিকারী স্বাস্থ্য পরিচর্যার বৈষম্যগুলিকে আগ্রাসীভাবে দূর করতে এবং সেগুলির সমাধান করতে যে উদ্যোগগুলি নেওয়া হচ্ছে, নিউ ইয়র্ক স্টেট এবং নিউ ইয়র্ক সিটিতে মাতৃত্বকালীন মৃত্যুর পর্যালোচনা বোর্ডের (Maternal Mortality Review Boards) আসু গঠন সহ, সেই উদ্যোগুলিতে বিনিয়োগ করার দ্বারা সেই ঘটনাগুলির বিরুদ্ধে লড়াই করা অব্যাহত রাখার গুরুত্ব স্বীকার করে আমাদের দায়বদ্ধতার নবীকরণ করছি।"

অ্যাসেমব্লী সদস্য রিচার্ড এন. গটফ্রায়েড, অ্যাসেমব্লী স্বাস্থ্য পরিষদের (Assembly Health Committee) প্রধান, বলেছেন, "জাজ্বল্যমান জাতিগত বৈষম্যের সাথে নিউ ইয়র্কের মাতৃত্বকালীন মৃত্যুর হার যা হওয়া উচিৎ তার থেকে বেশি, যা অবশ্যই দূর করা উচিৎ। মাতৃত্বকালীন স্বাস্থ্যসেবা কর্মীদের অ্যাক্সেস সম্প্রসারণ, পরিষেবা প্রদানকারীদের প্রশিক্ষণ উন্নীতকরণ, এবং বিস্তারিত তথ্য সংগ্রহ এই গুরুতর সমস্যা সমাধানের দিকে গুরুত্বপূর্ন পদক্ষেপ।"

অ্যাসেমব্লী সদস্য ট্রিমেনি রাইট, কৃষ্ণাঙ্গ, পুয়ের্তো রিকান, হিসপ্যানিক ও এশীয় বিধানসভা রাজনৈতিক সমিতির (Black, Puerto Rican, Hispanic & Asian Legislative Caucus) প্রধান, বলেছেন, "কৃষ্ণাঙ্গ নারি ও শিশুদের জন্য স্বাস্থ্য সম্পর্কিত ফলাফলগুলি উন্নত করতে কৃষ্ণাঙ্গ মায়েদের মাতৃত্বকালীন স্বাস্থ্য সপ্তাহ আমাদের কাজের একটি গুরুত্বপূর্ন অংশ। যদিও দেশের মধ্যে মাতৃত্বকালীন মৃত্যুর হার বেড়ে চলেছে, নিউ ইয়র্ক স্টেটে আমাদের স্থানীয় সংস্থা আছে যারা সামাজিক সহায়তা প্রদান করছে, দেখভাল করছে এবং বাড়ি বাড়ি গিয়ে খবর নিচ্ছে, আর আমরা এর ভালো ফলাফল পাচ্ছি। এই বছরের বাজেট কার্যকর কর্মসূচিগুলিকে সহায়তা করা অব্যাহত রেখেছে এবং টাস্কফোর্সের প্রস্তাবগুলি রূপায়নে অর্থ সরবরাহ করছে যা আমাদের আরও সাফল্যের দিকে এগিয়ে নিয়ে যাবে।"

অ্যাসেমব্লী সদস্যা লাটোয়া জয়নার বলেছেন, "কৃষ্ণাঙ্গ নারিদের মাতৃত্বকালীন স্বাস্থ্য পরিচর্যায় এই ঐতিহাসিক বিনিয়োগ জনসাধারণের স্বাস্থ্যের সমস্যায় একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ যা দীর্ঘদিন ধরে উপেক্ষিত ছিল। পরিচর্যার ক্ষেত্রে এই বৈষম্য দূর করতে এবং কৃষ্ণাঙ্গ নারিরা স্বাস্থ্য সেবার ক্ষেত্রে প্রতিটি দিন যে ঘাটতির সম্মুখীন হচ্ছেন তা পূরণ করার জন্য আমি গভর্নর কুওমো এবং তার প্রশাসনের সাথে কাজ করার জন্য মুখিয়ে আছি।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন